দৈনিক
ইত্তেফাক

তারিখ ...8. JUL 2009...
পৃষ্ঠা ...৭... কলাম ...১-৬...

তাঁতীবাজারের ঘটনায় তদন্ত কমিটি

# জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ প্রাথমিক স্কুলের প্রতিবেদন পাঠাতে শিক্ষামন্ত্রীর নির্দেশ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সারাদেশের জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ প্রাথমিক স্কুল ভবনসমূহ পরিদর্শন করে প্রতিবেদন প্রদানের জন্য সংশিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে। গতকাল মঙ্গলবার তাঁতীবাজারের প্লাস্টার খুলে পড়া স্কুল পরিদর্শন এবং আহত ছাত্রী রুবিনাকে দেখতে গিয়ে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এ নির্দেশ দেন।

গত সোমবার স্কুল চলাকালীন সময়ে তাঁতীবাজারের প্রসন্ন পোদ্দার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনের অনেকখানি জায়গার প্লাস্টার খুলে পড়ায় আহত হয় ৭ জন ছাত্রী। শিক্ষামন্ত্রী ১৯৬৭ সালে ব্যক্তি উদ্যোগে স্থাপিত ভবনটির সবগুলো কক্ষ ঘুরে দেখেন এবং এ ধরনের জরাজীর্ণ একটি ভবনে ক্লাস চলায় উদ্বেগ প্রকাশ করেন। পরে তিনি আহত ছাত্রী রুবিনাকে দেখতে তার বাসায় যান। তার চিকিৎসার খোঁজ-খবর নেন এবং অভিভাবকদের সাথে কথা বলেন। মন্ত্রী এ বিষয়ে স্থানীয় জনসাধারণের সাথেও কথা বলেন।

(১৯শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ

(প্রথম পৃঃ পর)

দুর্ঘটনার কারণ উদঘাটন, দায়িত্বে অবহেলাকারী চিহ্নিতকরণ ও প্রতিকারের সুপারিশ করার লক্ষ্যে গণশিক্ষা ও প্রাথমিক বিভাগের উপ-সচিব (বিদ্যালয় ১ অধিশাখা) শহীদুল ইসলামকে প্রধান করে এক সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি আগামী তিনদিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। এ সময় মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব এ টি এম মহিউদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী গৌরনদীর ধানডোবা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একই ধরনের আরেকটি দুর্ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন। তিনি টেলিফোনে বরিশালের জেলা প্রশাসককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জেলা শিক্ষা অফিসারকে স্কুলটি সরেজমিনে পরিদর্শন করার নির্দেশ দেন।